

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড  
রাজস্ব ভবন  
প্লট # এফ ১/এ, আগারগাঁও, শের-এ-বাংলা নগর, ঢাকা-১২১৭  
[www nbr gov bd](http://www nbr gov bd)

তারিখ: ১১ জানুয়ারি, ২০২৬ খ্রিস্টাব্দ

প্রেস বিজ্ঞপ্তি

**মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিসের মাধ্যমে বড় অঙ্গের (Large Value) কর পরিশোধ কার্যক্রম উদ্বোধন:**  
**এনবিআরের ডিজিটাল কর ব্যবস্থায় নতুন মাইলফলক**

জাতীয় রাজস্ব বোর্ড করপোরেট কর পরিশোধ ব্যবস্থাকে আরও সহজ, দ্রুত ও ডিজিটাল করতে মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিসের (এমএফএস) মাধ্যমে বড় অঙ্গের কর পরিশোধ কার্যক্রম উদ্বোধন করেছে আজ। অনুষ্ঠানে পরীক্ষামূলকভাবে উৎসে কর বাবদ ১৩ কোটি এবং মুক্ত বাবদ ৬৪ কোটি টাকার চালান এমএফএস প্রতিষ্ঠান বিকাশ লিমিটেড- এর অনলাইন মার্চেন্ট ওয়ালেট সার্ভিসের মাধ্যমে পরিশোধ করা হয়। এর ফলে করপোরেট করদাতারা ব্যাংকে উপস্থিত না হয়ে, সম্পূর্ণ ডিজিটাল পদ্ধতিতে কর পরিশোধের সুযোগ পাচ্ছেন।

এ বিষয়ে সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড জনাব মো. আবদুর রহমান খান বলেন, “মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিসের মাধ্যমে বড় অঙ্গের কর পরিশোধ চালু হওয়ায় করপোরেট করদাতাদের জন্য কর প্রদান আরও দ্রুত ও সহজ হবে। এটি কর সংগ্রহ ব্যবস্থাকে আধুনিক ও সময়োপযোগী করতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।”

তিনি আরও বলেন, বর্তমানে অনেক করপোরেট প্রতিষ্ঠান এমএফএসের মাধ্যমে কর্মীদের বেতন পরিশোধ করছে। এই নতুন ব্যবস্থার ফলে তারা উৎসে করসহ বিভিন্ন ধরনের কর ও ভ্যাট একই প্ল্যাটফর্মে পরিশোধ করতে পারবে। অন্যান্য এমএফএস প্রদানকারীরাও ভবিষ্যতে এই সুবিধা চালু করবে বলে তিনি প্রত্যাশা করেন।

নতুন এই সেবার মাধ্যমে এনবিআরের ই-টিডিএস সিস্টেমে (eTDS System) উৎসে কর এবং অর্থ বিভাগের এ-চালান সিস্টেমের মাধ্যমে মুক্ত পরিশোধ করা যাচ্ছে। সংশ্লিষ্ট কর্মকর্তারা জানান, এই ডিজিটাল উদ্যোগের ফলে কর পরিশোধে স্বচ্ছতা বৃদ্ধি পাবে, লেনদেনের সময় ও ব্যয় কমবে এবং বৃহৎ অঙ্গের কর প্রদানে করদাতাগণ উৎসাহিত হবেন।

সরকারের রাজস্ব প্রশাসন আধুনিকায়ন, ডিজিটাল লেনদেন সম্প্রসারণ এবং ক্যাশলেস সরকারি আর্থিক সেবা জোরদারের উদ্যোগ অব্যাহত থাকবে।